দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 AUGUST 2025 , TUESDAY | ২৬ আগস্ট ২০২৫ , মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-374

## পাকা রাস্তা ও জল নিকাশী নর্দমার কাজের শিলান্যাস করলেন মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৫ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের বত্রিশ নম্বর ওয়ার্ডের অশোকনগর ও সুকান্তপল্লী এলাকায় পাকা রাস্তা ও জল নিকাশী পাকা নর্দমার কাজের শিলান্যাস করলেন মেয়র গৌতম দেব। সোমবার এই কাজের শিলান্যাস করে মেয়র গৌতম দেব জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উদ্যোগে ও উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অর্থানুকূল্যে এই কাজটি হবে। এর জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর এক কোটি তেরো লক্ষ পাঁচ হাজার ছশো একান্নব্বই টাকা মঞ্জুর করেছে। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার, পৌর নিগমের চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী, ওয়ার্ডের কাউন্সিলর সহ এলাকার বিশিষ্টজনেরা।

## পুলিশের অভিযানে দুর্ঘটনা কমে গেছে জাতীয় সড়কে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার,২৫ আগস্ট : মদ খেয়ে গাড়ি চালানোর অভিযোগে গ্রেফতার করা হয়েছে পণ্যবাহী গাড়ির চালক কে মহাকাল চৌপথী এলাকা থেকে এমনটাই জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছ থেকে সোমবার রাত আটটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে চালককে গ্রেপ্তারের পাশাপাশি আটক করা হয়েছে পণ্যবাহী গাড়িটিকে। গাড়ির চালকের বিরুদ্ধে মামলা শুরু করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে আগস্ট মাসের এক তারিখ থেকে ২৫ তারিখ পর্যন্ত ১৪ টি গাড়ির চালকের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে মদ খেয়ে গাড়ি চালানোর অপরাধে। পুলিশের এমন অভিযান লাগাতার ভাবে চলবে। পুলিশি অভিযানের ফলে ৩১ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনা কমে গেছে।

## স্কুল চালু অবস্থাতেই স্কুলে চলছে আমাদের পাড়া আমাদের সমাধান সহ দুয়ারে সরকার শিবির ,ক্ষুব্ধ অভিভাবকগন



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৫ আগস্ট : স্কুল চালু রয়েছে পুরোদমে আর এর মাঝেই দলে দলে মানুষ স্কুলে ঢুকছেন ও বেরোচ্ছেন। ঘটনাটা কি খবর নিতেই জানা গেলো স্কুল চালু অবস্থাতেই স্কুলে চলছে আমাদের পাড়া আমাদের সমাধান সহ দুয়ারে সরকার শিবির। ঘটনাটা ঘটেছে সোমবার আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি উচ্চ বিদ্যালয়ে (উচ্চতর মাধ্যমিক)। এই ঘটনায় ব্যপক ক্ষোভ ছড়িয়েছে অভিভাবকদের মধ্যে। অভিভাবকদের অভিযোগ এর ফলে ব্যহত হচ্ছে পঠন পাঠন, তারা স্কুল কর্তৃপক্ষ ও প্রশাসনের দিকে অভিযোগের আঙ্গুল তুলেছেন। বিষয়টি নিয়ে স্কুলের প্রধান শিক্ষিকা জানান শিবিরের জন্য স্কুলে ষষ্ঠ শ্রেনির পঠন পাঠন বন্ধ রাখা হয়েছে। আর এনিয়েই প্রশ্ন তুলেছেন অভিভাবকগন। তাদের বক্তব্য একটি শ্রেনির পঠন পাঠন বন্ধ রাখা হয়েছে কার স্বার্থে। শিবিরের জন্য স্কুলে পঠন পাঠন বিঘ্নিত হয়েছে বলে স্বীকার করেন প্রধান শিক্ষিকা। বিষয়টি নিয়ে কুমারগ্রাম ব্লক প্রশাসনের কর্তাদের ফোনে যোগাযোগ করলে কেউ মুখ খুলতে চাননি। এ বিষয়ে বিজেপির আলিপুরদুয়ার জেলা সাধারন সম্পাদক সুনীল মাহাতো বলেন এটাই তৃণমূল সরকারের আমলের সংস্কৃতি। স্কুল চালু রেখে সরকারি শিবির করে ছাত্রছাত্রীদের পঠন পাঠনের ক্ষতি করা হয়েছে এর দায় কার এ প্রশ্নও তিনি তোলেন। কামাখ্যাগুড়ি গ্রাম পঞ্চায়েতের উপ প্রধান এ বিষয়ে জানান নানান কারনে স্কুল চালু রেখেই শিবির করতে হয়েছে, তবে তাতে স্কুলের পঠন পাঠন বিঘ্নিত হয়নি।

## কাজে যাবার পথে পিক আপ ভ্যান উল্টে মৃত্যু তিন শ্রমিকের, আহত বেশ কয়েকজন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৫ আগস্ট : জলপাইগুড়ি জেলার নাগরাকাটা ব্লকের গাঠিয়া চা বাগানে সোমবার সকালে ঘটে গেলো এক মর্মান্তিক দূর্ঘটনা। এদিন সকালে নাগরাকাটা ব্লকের খেরকেটা থেকে একটি পিক আপ ভ্যান করে শ্রমিকরা গাঠিয়া চা বাগানে কাজ করতে যাচ্ছিলেন। গাঠিয়া চা বাগানের কিছুটা আগে পিক আপ ভ্যানটি ব্রেক ফেল করে উল্টে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় তিন শ্রমিকের। আহত হন বেশ কয়েকজন। স্থানীয়রা আহতদের স্থানীয় শুল্কাপাড়া গ্রামীন হাসপাতালে নিয়ে যান। সেখানে কয়েকজনের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয় আর কয়েকজনের আঘাত গুরুতর থাকায় তাদের মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠানো হয়। জানা গেছে স্থানীয় এক ঠিকাদার শ্রমিকদের পিক আপ ভ্যান করে চা বাগানে কাজের জন্য প্রতিদিন নিয়ে যেতেন। এদিন ও শ্রমিকদের নিয়ে পিক আপ ভ্যান গাঠিয়া চা বাগানের উদ্দ্যেশ্যে রওনা হয়। চা বাগানটি উঁচুতে অবস্থিত। গাঠিয়া চা বাগানে প্রবেশের পথটি খারাপ থাকায় গাড়ী নিয়ে যাওয়া যায়না। গাড়ি চা বাগানের আগে দাঁড় করিয়ে দিতে হয়। এদিন চালক গাড়ি নিয়ে উপরে চা বাগানে যাবার চেষ্টা করলে গাড়ির ব্রেক কাজ না করায় গাড়িটি পিছন দিকে পিছলে গাড্ডায় পড়ে যায় ও এই দূর্ঘটনা ঘটে। স্থানীয়দের অভিযোগ পিক আপ ভ্যানে পচিশ ত্রিশ জনের জায়গায় পঞ্চাশ জন শ্রমিককে উঠানো হয়।

# দোকানে চুরি ,পুনঃনির্মাণ করল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট: খাপসারডাঙ্গা বাজার এলাকায় মোবাইলের দোকানে চুরির ঘটনার পুনঃনির্মাণ করা হলো সোমবার। চুরির কাজে ব্যবহৃত যন্ত্রপাতি উদ্ধার করা হয়েছে অভিযুক্তর কাছ থেকে সোমবার রাত আটটা নাগাদ। উল্লেখ্য মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের খাপসারডাঙ্গা বাজার এলাকায় মোবাইলের দোকান এর টিন খুলে লক্ষাধিক টাকা চুরি করে নিয়ে যায় এলাকার যুবক। বর্তমানে ওই যুবক পুলিশ হেফাজতে রয়েছে। সোমবার চুরির পুনঃ নির্মাণ করা হয় এবং উদ্ধার করা হয় তার বাড়ি থেকে চুরির কাজে ব্যবহৃত যন্ত্রাংশ গুলি। উল্লেখ্য চুরির ২৪ ঘন্টার মধ্যেই শামুকতলা রোড ফাঁড়ির ওসি চুরি যাওয়া টাকা উদ্ধার করেছেন।

# শামুকতলায় বনকর্মীর মৃত্যু কে ঘিরে শোকের ছায়া




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২৫ আগস্ট :শামুকতলায় বন কর্মীর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে সাউথ রায়ডাক রেঞ্জ অফিসে এমনটাই জানা গেছে বনকর্তার কাছ থেকে সোমবার বিকেল সাড়ে চারটা নাগাদ। সোমবার বিকেল সাড়ে চারটা নাগাদ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্ত করে বন কর্মী রমেন মাহাতোর মৃতদেহ নিয়ে আসা হয়েছে শামুকতলায়। উল্লেখ্য দীর্ঘদিন যাবত বিভিন্ন রোগে আক্রান্ত হয়েছিলেন রমেন। রবিবার রাতে হঠাৎ অসুস্থ বোধ করলে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে তাকে নিয়ে যাওয়া হয় চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এরপরে মৃতদেহ পুলিশ হেফাজতে দেওয়া হয় সোমবার পুলিশ তার মৃতদেহ ময়নাতদন্ত করে তার পরিবারের হাতে তুলে দেয়। তার মৃত্যুতে শোকস্তব্ধ হয়ে পড়ে বনকর্মীরা। উল্লেখ্য রবিবার সকালেই রেঞ্জ অফিসে এক বনকর্তার গাড়ি চালক জখম হয়েছেন বন্দুক থেকে গুলি বের হওয়ার পর। রবিবার রাতেই রমেনের মৃত্যুতে শোকস্তব্ধ বনকর্মীরা।

# ভল্কায় জলাশয়ে নেমে যুবতীর মৃত্যু




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট : জলাশয়ে ডুবে মৃত্যু হল এক যুবতীর। ঘটনার জেরে শোকের ছায়া নেমে এসেছে গ্রামে। সোমবার কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ভল্কা গ্রামে ঘটনাটি ঘটেছে। এদিন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়েছে। জানা গিয়েছে, মৃত যুবতীর নাম কবিতা দাস, বয়স ৩০। এদিন সকালে বাড়ির পাশে প্রকৃতির ডাকে সাড়া দিতে যায় কবিতা। এরপর সে সেখানকার একটি জলাশয়ে নামে এবং তলিয়ে যায়। তাকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে আনা হয়। চিকিৎসক কবিতাকে মৃত ঘোষণা করেন। কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ হাসপাতাল থেকে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। এদিন বিকেল নাগাদ জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, ওই যুবতী মৃগী রোগে আক্রান্ত ছিলেন। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ।

# গৃহবধূর শ্লীলতাহানি নিয়ে ছড়িয়েছে চাঞ্চল্য




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২৫ আগস্ট : গৃহবধূকে শ্লীলতাহানি করা হয়েছে তাই নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে কুমার গ্রাম ব্লকে। রাতের বেলা ঘরে ঢুকে গৃহবধূর শ্লীলতাহানির অভিযোগে সোমবার এক যুবককে গ্রেফতার করল কুমারগ্রাম থানার বারবিশা ফাঁড়ির পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম সাধন রায়। বারবিশার পূর্ব চকচকা গ্রামে তার বাড়ি। জানা গিয়েছে, ওই গৃহবধূর স্বামী কর্মসূত্রে বাড়ির বাইরে থাকেন। সেই সুযোগে অভিযুক্ত যুবক রাতে ওই গৃহবধূর ঘরে ঢোকে এবং শ্লীলতাহানি করে বলে অভিযোগ। এই ঘটনার খবর জানাজানি হতেই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। এই বিষয়ে পুলিশে লিখিত অভিযোগ জানান ওই গৃহবধূ। পুলিশ এদিন অভিযুক্ত সাধন রায়কে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায়। জেলা আদালতের বিচারক ধৃত যুবককে জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।

# ছেলের সামনেই মাকে খুন, বাবার যাবজ্জীবন কারাদণ্ড




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট : নাবালক ছেলের সাক্ষীতেই বাবার কারাদণ্ড ঘোষণা করল বিচারক। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ারে। চোখের সামনে বাবার হাতে মাকে নৃশংস ভাবে খুন হতে দেখে মানসিক ভাবে বিপর্যস্ত হয়ে পড়েছিল অষ্টম শ্রেণির ছাত্র। শেষ পর্যন্ত তারই সাক্ষ্যের ভিত্তিতে স্ত্রীকে খুন করার অপরাধে দুর্গেন গুয়াবর নামের এক ব্যক্তিকে সোমবার যাবজ্জীবন কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানার নির্দেশ দিলো আলিপুরদুয়ার জেলা আদালত। সঙ্গে ওই দম্পতির এক মাত্র ছেলেকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছেন বিচারক। অভিযোগ পারিবারিক অশান্তির কারনে আলিপুরদুয়ারের ফালাকাটা থানার দলগাঁও চা বাগানের গীরি লাইনের বাসিন্দা দুর্গেন গুয়াবর তাঁর স্ত্রী ববিতা মাঝিকে ধারালো কুড়ুলের কোপ দিয়ে হত্যা করেন। ঘটনাটি ঘটে গত ২০২৪ সালের ২১ জানুয়ারি। ওই দিনই স্ত্রী ঘাতক দুর্গেনের বিরুদ্ধে ফালাকাটা থানায় লিখিত অভিযোগ করেন বিবিতা মাঝির ভাই ইন্দ্রজিৎ মাঝি। ওই অভিযোগ পেয়ে দুর্গেন গুয়াবরকে গ্রেপ্তার করে তিন মাসের মধ্যে আদালতে চার্জশিট পেশ করে পুলিশ। দুর্গেনের বিরুদ্ধে তাঁর নিজের পুত্রসহ মোট ১৯ জন সাক্ষী দেন। ওই হত্যা মামলায় এদিন চুড়ান্ত সাজা ঘোষণা করেন বিচারক। আলিপুরদুয়ার জেলা আদালতের সরকারি আইনজীবী সুহৃদ মজুমদার বলেন 'ওই হত্যা মামলার রায়দানের ক্ষেত্রে ওই দম্পতির ১২ বছরের ছেলের সাক্ষ্যদান খুবই গুরুত্বপূর্ণ বিষয় হয়ে ওঠে। নিজের মাকে চোখের সামনে নৃশংস ভাবে খুন হতে দেখে বাবার বিরুদ্ধে আদালতে দাঁড়িয়ে সাক্ষী দেওয়ার সময় ওই নাবালক একটুকুও টাল খায়নি।'

# কংগ্রেসের আমরণ অনশনে অসুস্থ মহিলা নেত্রী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট : আলিপুরদুয়ার চৌপথীতে জাতীয় কংগ্রেসের ডাকা আমরণ অনশনে অসুস্থ হয়ে পড়লেন এক মহিলা নেত্রী এমনটাই জানিয়েছেন কংগ্রেস নেতা শান্তনু দেবনাথ। গত চার দিন যাবত জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে আলিপুরদুয়ার চৌপথী এলাকায় নয় দফা দাবীর ভিত্তিতে আমরণ অনশনে বসেছেন কংগ্রেস কর্মী এবং নেতৃত্বরা। অনশন মঞ্চে আসেননি কোন স্বাস্থ্য কর্মী জানিয়েছেন কংগ্রেস নেতা শান্তনু দেবনাথ। আলিপুরদুয়ার জেলা হাসপাতালের বিভিন্ন দুর্নীতিসহ ৯ দফা দাবি নিয়ে তাদের আমরণ অনশন শুরু হয়েছিল।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |